দৈনিক ইত্তেফাক

তারিখ ১০ APR 2008
পৃষ্ঠা ১৬ কলাম ৩

# ঢাবি ছাত্রদের ভারতীয় দূতাবাস ঘেরাও কর্মসূচিতে পুলিশের বাধা

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

বাংলাদেশের বিরুদ্ধে ভারতের চক্রান্ত রুখতে দেশব্যাপী প্রতিরোধ গড়ে তোলার ডাক দিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। শিক্ষার্থীরা দেশের গণতন্ত্রের স্বার্থে অবিলম্বে সাবেক দুই প্রধানমন্ত্রীর মুক্তির জন্য সরকারের প্রতি আহ্বান জানান। রবিবার নির্যাতন প্রতিরোধ ছাত্র আন্দোলনের ব্যানারে ভারতীয় দূতাবাস ঘেরাও কর্মসূচি পালনকালে শিক্ষার্থীরা বলেন, বাংলাদেশের সম্পদ লুটপাট অব্যাহত রাখার স্বার্থে ভারত আগামী ডিসেম্বরের জাতীয় সংসদ নির্বাচন বানচালের নীল নকশা বাস্তবায়ন করছে। কিন্তু ভারতীয় ষড়যন্ত্র প্রতিহত করতে দুর্বার আন্দোলন করা হবে।

গতকাল দুপুর ১২টায় পূর্বঘোষিত ভারতীয় দূতাবাস ঘেরাও কর্মসূচি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল থেকে দলে দলে ছাত্র অপরাজেয় বাংলার পাদদেশে সমবেত হয়। পরে ছাত্ররা বিক্ষোভ মিছিল নিয়ে ভারতীয় দূতাবাসের দিকে যাত্রা শুরু করলে চারুকলা ইনস্টিটিউটের সামনে পুলিশী বাধার মুখে পড়ে। এ সময় ছাত্ররা রাস্তায় বসে সমাবেশ করে। নির্যাতন প্রতিরোধ ছাত্র আন্দোলনের আহবায়ক মোমেনী এহসানের সভাপতিত্বে সমাবেশে ছাত্রনেতা আবু সাইদ, রাজিব আহসান, ওবায়দুল হক নাসির, মামুনুর রশীদ মামুন, আকরামুল (১৫শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ঢাবি ছাত্রদের

(১৬শ পৃঃ পর)

হক মিন্টু, সাদীউল কবীর নিরব, আসাদুজ্জামান আসাদ, আতিকুজ্জামান রিপন, আলমগীর হোসেন সোহান, মিজানুর রহমান সোহাগ প্রমুখ বক্তব্য রাখেন।

সমাবেশে বক্তারা বলেন, চাল নিয়ে ভারতের রাজনীতি করার ফলে বাংলাদেশে দুর্ভিক্ষাবস্থা সৃষ্টি হয়েছে। চাল না দেয়ার পাশাপাশি ভারত তাদের গোয়েন্দা সংস্থা 'র' দিয়ে